



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৭ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

### মহালছড়ির মাইসছড়িতে ভূমি বেদখলের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ ৭ অক্টোবর ২০২১, বৃহস্পতিবার এক বিবৃতিতে খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলাধীন মাইসছড়িতে সেটলার কর্তৃক পাহাড়ীদের ব্যক্তি মালিকানাধীন জমি জোরপূর্বক দখলের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে উক্ত জমি মালিকদের কাছে ফিরিয়ে দেয়ার দাবি জানিয়েছেন।

বিবৃতিতে তিনি পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি দস্যুতার ব্যাপারে প্রশাসনের নির্লিপ্ততার অভিযোগ এনে বলেন, ‘মাইসছড়ি ইউনয়ন যুব লীগের জনৈক নেতা ও অপর এক ইউপি মেম্বারের নেতৃত্বে স্থানীয় একদল সেটলার গত ৫ ও ৬ অক্টোবর পাহাড়ীদের পাঁচ একর পরিমাণ জমি বেদখল করে সেখানে ইতিমধ্যে ২৫টি বাড়ি নির্মাণ করেছে এবং ভূমি মালিকদের হুমকি দিয়ে যাচ্ছে।’

ইউপিডিএফ নেতা উক্ত ভূমি বেদখলে সহযোগিতা দেয়ার জন্য নিরাপত্তাবাহিনীর সমালোচনা করে বলেন, পার্বত্য চট্টগ্রামে নিয়োজিত ‘নিরাপত্তা বাহিনী’ সব সময় পক্ষপাতমূলকভাবে কেবল একটি বিশেষ জাতিগোষ্ঠীর নিরাপত্তা দানের জন্য কাজ করছে এবং অন্যান্য জাতিগুলোর ওপর নিপীড়ন চালাচ্ছে।

তিনি বলেন পার্বত্য চট্টগ্রামের জনগণ ও তাদের পার্টি ইউপিডিএফ এ ধরনের অন্যায় ভূমি বেদখলকে কখনোই মেনে নেবে না এবং এর বিরুদ্ধে সংগ্রাম ও প্রতিরোধ অব্যাহত রাখবে।

অংগ্য মারমা জুম্ম জাতির অস্তিত্ব ও ভূমি রক্ষার জন্য দল মত নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধ গণআন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, ‘এখন নিজেদের মধ্যে বিভেদ, হানাহানি ও সংঘাত নয়, এখন সময় হলো অধিকার ও মর্যাদা নিয়ে বেঁচে থাকার জন্য আন্দোলনে বাঁপিয়ে পড়া।’

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)